



## পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

### প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইঙ্গিটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

### শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ

শেখ হাসিনাই বৃপ্তিকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপাধি

স্মারক নং পসব্য/প্রকা/পরি/শাতপ/০২/২০২৩-২৪/৮

তারিখ: ০৯/০৫/২০২৪ খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক

সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়: ব্যাংকের সঞ্চয় ও খণ্ড আদায় বৃক্ষিকরণ, খণ্ড আদায়কে মাঠসহকারী ভিত্তিক SMA (Special Mention Account) ও সিএল খণ্ডের তালিকা তৈরী এবং সিএল হ্রাসকরণ।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

২. চলতি অর্থবছরে ২ (দুই) মাসেরও কম সময় অবশিষ্ট রয়েছে। বিগত ১০ (দশ) মাসের তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, অধিকাংশ শাখার সঞ্চয় ও খণ্ড আদায় মোটেই সন্তোষজনক নয়। বিষয়টি ব্যাংকের পরিচালনা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হওয়ায় তাঁরা গভীর অসন্তোষ প্রকাশ করেছেন। বর্তমানে ফসল ঘরে তোলার মৌসুম শুরু হয়েছে এবং কৃষকরা ইতোমধ্যে বাজারে ফসল বিক্রি শুরু করেছেন। এ ছাড়া আসন্ন ঈদ-উল-আয়হা উপলক্ষ্যে ব্যবসা বাণিজ্য থেকেও আয়ের হার বৃদ্ধি পাবে। ফলে সকলের হাতেই অর্থের আগমন ঘটবে। সার্বিক বিবেচনায় বর্তমান সময়টিকে খণ্ড ও সঞ্চয় আদায়ের উভয় সময় বলা যায়। তাই সকল শাখাকে সঞ্চয় ও খণ্ডের কিসি আদায় করতও ব্যাংক প্রদত্ত বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩. ব্যাংকের পরিচালনা বোর্ডের চেয়ারম্যান মহোদয় বিগত ২৮/০৪/২০২৪ তারিখ হতে শুরু হওয়া শাখার পারফর্মেন্স সংক্রান্ত সভাগুলোতে ব্যাংকে বর্তমানে SMA তালিকাভুক্ত খণ্ড সমূহ যেন কোন অবস্থাতেই সিএল খণ্ডে পরিণত না হয় সে বিষয়ে বিশেষ নির্দেশনা প্রদান করেছেন। তাছাড়া শাখা ভিত্তিক নির্দিষ্ট পরিমাণ সিএল আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছেন। এমতাবস্থায় বর্তমানে SMA তালিকাভুক্ত খণ্ডসমূহ যাতে কোন অবস্থাতেই সিএল খণ্ডে পরিণত না হয় সে দিকে সতর্ক দৃষ্টি রাখাসহ পরিচালনা বোর্ডের চেয়ারম্যান মহোদয় কর্তৃক সিএল আদায়ে প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল শাখা ব্যবস্থাপক ও সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হলো।

৪. এছাড়া যে সকল শাখা ব্যবস্থাপক SMA এবং সিএল খণ্ডের তালিকা প্রস্তুত করে এখনো মাঠসহকারীগণের নিকট প্রদান করেননি, অবিলম্বে তা প্রস্তুত করে তাদেরকে বুঝিয়ে দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উল্লিখিত তালিকা সকল মাঠ সহকারীদের বুঝিয়ে দেয়া হয়েছে মর্মে নিশ্চিত হয়ে স্ব স্ব মনিটরিং কর্মকর্তার নিকট আগামী ১৩/০৫/২০২৪ তারিখের মধ্যে প্রত্যয়নপত্র প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার নিষ্পত্তি

(মো: আলা উদ্দিন)

মহাব্যবস্থাপক

স্মারক নং পসব্য/প্রকা/পরি/শাতপ/০২/২০২৩-২৪/

তারিখ: ০৯/০৫/২০২৪ খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঁ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

২। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। সকল বিভাগ প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৬। অফিস নথি।

তারিখ: ০৯/০৫/২০২৪ খ্রি:

সিনিয়র প্রিসিপাল অফিসার

আলা উদ্দিন

মহাব্যবস্থাপক

জাহিদ হোসেন

সিনিয়র প্রিসিপাল অফিসার